

আল-গাশিয়া | Al-Ghashiya | الْغَاشِيَةُ

আয়াতঃ ৮৮ : ২১

আরবি মূল আয়াত:

فَذَكِّرْ ؟ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ﴿ ২১ ﴾

Aর্থ অনুবাদসমূহ:

অতএব তুমি উপদেশ দাও, তুমি তো একজন উপদেশদাতা মাত্র। — আল-বায়ান

কাজেই তুমি তাদেরকে উপদেশ দাও, তুমি একজন উপদেশদাতা মাত্র। — তাইসিরুল

অতএব তুমি উপদেশ দিতে থাক, তুমিতো একজন উপদেশ দাতা মাত্র। — মুজিবুর রহমান

So remind, [O Muhammad]; you are only a reminder. — Sahih International

২১. অতএব আপনি উপদেশ দিন; আপনি তো কেবল একজন উপদেশদাতা(১),

(১) এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সান্ত্বনার জন্যে বলা হয়েছে, আপনার বর্ণিত ন্যায়সংগত যুক্তি মানতে যদি কোন ব্যক্তি প্রস্তুত না হয়, তাহলে মানা না মানা তার ইচ্ছা। আপনি তাদের শাসক নন যে, তাদেরকে মুমিন করতেই হবে। আপনার কাজ শুধু প্রচার করা ও উপদেশ দেয়া। লোকদেরকে ভুল ও সঠিক এবং সত্য ও মিথ্যার পার্থক্য জানিয়ে দেয়া। তাদেরকে ভুল পথে চলার পরিণতি সম্পর্কে সতর্ক করা। কাজেই এ দায়িত্ব আপনি পালন করে যেতে থাকুন। এতটুকু করেই আপনি নিশ্চিত থাকুন। তাদের হিসাব-নিকাশ, শাস্তি ও প্রতিদান আমার কাজ। [দেখুন: ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

২১। অতএব তুমি উপদেশ দিতে থাক; তুমি তো একজন উপদেশদাতা মাত্র। [1]

[1] অর্থাৎ, আপনার দায়িত্ব হল কেবলমাত্র স্মরণ করানো, উপদেশ দেওয়া, তবলীগ করা ও দাওয়াত দেওয়া। এর অতিরিক্ত অন্য কিছু নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5988>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন